

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নম্বরঃ ৩৩.০১.৩৫৯১.০০০.১৪.০১২.২২-৫৩

তারিখঃ ২৭/০২/২০২২ খ্রিঃ

সংযুক্তকরণ বিজ্ঞপ্তি

প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় "প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প" এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে উপজেলার সকল ইউনিয়নে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং খামারীদের ঘাস চাষে উৎসাহকরণ, প্রশিক্ষণ প্রদান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্প সংশ্লিষ্ট কাজের নিমিত্ত প্রকল্প চলাকালীন সময়ের জন্য উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) সংযুক্ত করা হবে। নিম্নোক্ত শর্তাবলী পূরণ করে এমন প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-২কপি, জাতীয়তা, এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, ধর্ম, মোবাইল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) সম্বলিত তথ্যাদিসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর দরখাস্ত আহবান করা হলো। অগ্রহীদের আগামী ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে চাহিত তথ্যাদিসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী :

১. ডিপিরিং সংস্থান মোতাবেক ডাতা/পারিশ্রমিকে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের নিয়ম-কানুন ও নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তির মাধ্যমে প্রকল্প চলাকালীন সময়ের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) হিসাবে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে সম্পৃক্ত হতে অগ্রহী হতে হবে।
২. উপজেলার স্থায়ী বাসিন্দা, ন্যূনতম এসএসসি বা সমমান পাশ, কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৩. আবেদনকারীর বয়স ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে তবে প্রাণিসম্পদ অধিদপ্তরীয় সমাণ্ড উন্নয়ন প্রকল্পসমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
৪. অধিদপ্তরীয় চলমান অন্য কোন উন্নয়ন প্রকল্পে কর্মরত কেউ নিয়োগের অযোগ্য বলে বিবেচিত হবে।
৫. আদালত কর্তৃক দোষী সাব্যস্ত অথবা অপ্রকৃতিহু কোন ব্যক্তি নিয়োগের অযোগ্য বলে বিবেচিত হবে।
৬. আবেদনকারী নিজে গবাদি পশু পালন ও ঘাস চাষে অগ্রহী এবং উপজেলায় খামারী পর্যায়ে অধিক উৎপাদনশীল ঘাস চাষ সম্প্রসারণে অগ্রহী হতে হবে।
৭. উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় রেখে উপজেলা সদরে অধিক উৎপাদনশীল উন্নত জাতের ঘাসের ক্রয়-বিক্রয় কেন্দ্র/বাজার স্থাপনের উদ্যোগ গ্রহণে অগ্রহী হতে হবে।
৮. প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা মোতাবেক সম্পন্ন করতে অগ্রহী হতে হবে।
৯. অফিস সময়ে কর্মস্থলে উপস্থিত থেকে প্রকল্প সংশ্লিষ্ট কাজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী করতে হবে।
১০. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) এর উল্লেখিত দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
১১. অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
১২. উল্লেখ্য আগামী ২১/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে লিখিত/মৌখিক পরীক্ষা বা উভয় অন্তর্ভুক্ত হবে।
১৩. কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ প্রক্রিয়া/ নিয়োগ পরবর্তী চুক্তি বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে।



(ডাঃ প্রকাশ বিশ্বাস)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।

ও

সদস্য সচিব

প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি।

অনুলিপিঃ

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ২। প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস চাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প।
- ৩। অফিস কপি।